**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**16 NOVEMBER 2024** **7:35 AM IST**

==================================================================

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রণালয়ের উদ্যোগে গতকাল শিলংয়ে দ্বিতীয় উত্তর-পূর্ব অসামরিক বিমান পরিবহণ সম্মেলনের 'রাজ্যসমূহের দৃষ্টিভঙ্গী' শীর্ষক এক বৈঠকে অংশগ্রহণ করে আসামের পরিবহণ মন্ত্রী কেশব মহন্ত আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলে অসামরিক বিমান পরিবহণ ক্ষেত্রের পরিসর আরো বৃদ্ধি করা এবং এর বিকাশের সঙ্গে জড়িত বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করেন ।বিভাগীয় মন্ত্রী কিঞ্জারাপু রামমোহনের পৌরহিত্যে আয়োজিত এই বৈঠকে তিনি আসামের ছ'টি বিমানবন্দরের প্রত্যেকটিতে নিয়মিত আন্তঃরাজ্য বিমানসেবা চালু করা সহ বিমান ভাড়ার নিরিখ হ্রাস করতে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানান । এছাড়া আসাম থেকে ব্যাংকক, ঢাকা, সিঙ্গাপুর, কাঠমান্ডু ইত্যাদি বিদেশী বিমানবন্দরকে সংযোজিত করতে আরো বেশি সংখ্যায় নতুন আর্ন্তজাতিক বিমানপথে বিমানসেবা আরম্ভ করতে শ্রী মহন্ত কেন্দ্রীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানান । এদিকে কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের কাছে দেশ-বিদেশের পর্যটকদের সুবিধার্থে হেলিপ্যাড স্থাপন করতেও তিনি শ্রী নাইডুকে অনুরোধ করেন । শ্রী নাইডু রাজ্যের মন্ত্রীকে এই প্রস্তাব সমূহ অসামরিক বিমান পরিবহণ

মন্ত্রণালয় বিবেচনা করবে বলে আশ্বাস দিয়েছেন । সম্মেলনে মন্ত্রণালয়ের উচ্চপদস্থ আধিকারিকরা, উত্তর-পূর্বাঞ্চলের বেশকয়েকটি রাজ্যের পরিবহণ বিভাগের প্রবীণ আধিকারিকরা এবং দেশের অসামরিক বিমান পরিবহণ ক্ষেত্রের প্রথমসারীর সংস্থা সমূহের উচ্চপদস্থ কার্যবাহী আধিকারীক ও বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন বড়োল্যান্ডে বিগত ৫০ বছর ব্যাপী হিংসাত্মক পরিস্থিতির পর শান্তি ও সম্প্রীতির পরিবেশ গড়ে উঠেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন ।গতকাল নতুনদিল্লীতে বড়োল্যান্ড মহোৎসবের উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী একথা বলেন ।তিনি বলেন যে বড়ো শান্তি চুক্তি উত্তরপূর্বাঞ্চলে অন্যান্য বহু শান্তি চুক্তির পথ প্রশস্ত করেছে ।তিনি বলেন যে হিংসাত্মক পন্থা অবলম্বন কোন সমস্যার সমাধান নয় ।মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ঝাড়খন্ড থেকে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে এই বৈঠকে অংশগ্রহণ করেন ।উল্লেখ্য নতুনদিল্লীর কে ডি যাদব রেস্টলিং ষ্টেডিয়ামে প্রথমবারের জন্য দুদিনব্যাপী বড়োল্যান্ড মহোৎসবের আয়োজন করা হয়েছে ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পরিষদ দশম ও দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীর ওপর পড়াশোনার বোঝা লাঘব করতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে । সি বি এস সি দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার পাঠ্যক্রম থেকে ১৫ শতাংশ পাঠ্যক্রম হ্রাস করার কথা ঘোষনা করেছে । বোর্ডের পরীক্ষার মূল্যায়নের ক্ষেত্রেও আমূল পরিবর্তন করা হয়েছে । সেই অনুসারে এখন থেকে বোর্ড পরীক্ষায় ৪০ শতাংশ নম্বর আভ্যন্তরীন মূল্যায়নের মাধ্যমে প্রদান করা সহ বাকী ৬০ শতাংশ চূড়ান্ত বোর্ড পরীক্ষা থেকে মূল্যায়ন করে বার্ষিক ফলাফল ঘোষণা করা হবে । সি বি এস সির এই পদক্ষেপ ছাত্র ছাত্রীদের পরীক্ষা নিয়ে থাকা মানসিক চাপ অনেকটা হ্রাস করবে বলে আশা করা হচ্ছে । এছাড়াও সি বি এস সি দশম ও দ্বাদশ শ্রেণীর পাঠ্যক্রম ও পরীক্ষার ক্ষেত্রে বেশকয়েকটি পরিবর্তন সাধন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । সি বি এস সি জাতীয় শিক্ষানীতি ২০২০ র সঙ্গে সঙ্গতি রেখে ব্যাবহারিক জ্ঞান ও দক্ষতার ভিত্তিতে শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে পরীক্ষা পদ্ধতির সংশোধন করেছে । ২০২৫ সাল থেকে এই নতুন ব্যাবস্থা কার্যকর হবে । নতুন প্রস্তাব অনুসারে প্রশ্নপত্রে ৫০ শতাংশ করে ব্যাবহারিক ও প্রায়োগিক প্রশ্ন রাখা হবে । ২০২৫ থেকে ডিজিটেল মূল্যায়নের ব্যাবস্থা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

---

২০২৫ সালে অনুষ্ঠেয় উচ্চতর মাধ্যমিক চূরান্ত পরীক্ষার একটি ভূঁয়ো সময়সূচী একাংশ সামাজিক মাধ্যমে প্রচার হবার বিষয়টি দৃষ্টিগোচর

হবার পরিপ্রেক্ষিতে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা বোর্ড এক্ষেত্রে স্থিতি স্পষ্ট করেছে । বোর্ডের আধিকারিক বলেন যে আগামী বছর অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত ও উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার সময়সূচী এখনও প্রকাশ করা হয়নি । এই সময়সূচী চূড়ান্ত করার সঙ্গে সঙ্গে সব মাধ্যমে এর প্রচার করা হবে বলে বোর্ড জানিয়েছে । এদিকে সামাজিক মাধ্যমে সম্প্রতি প্রচার করা সময়সূচী ভূঁয়ো বলেও তাঁরা স্পষ্ট করে দিয়েছে ।

---

আজ জাতীয় প্রেস দিবস ।হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ এই দিবস উপলক্ষে জেলা আয়ুক্তের কার্যালয়ে 'সংবাদ মাধ্যমের পরিবর্তিত রূপ' শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে । বেলা ১২ টায় এই আলোচনা সভা শুরু হবে ।জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা আয়ুক্ত সব প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সভায় উপস্থিত থাকতে আমন্ত্রন জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলার বন বিভাগের জমিতে বসবাসকারী প্রধানমন্ত্রী আবাস যোজনা বাসগৃহ পাবার জন্য অপেক্ষমান তালিকায় থাকা হিতাধিকারীদের প্রশাসনের পক্ষ থেকে জমির বন্দোবস্ত দেওয়া হবে । জেলা পরিষদের সি ই ও রণজিৎ কুমার লস্কর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে বন বিভাগের মালিকানাধীন জমিতে প্রধানমন্ত্রী আবাস

যোজনার অপেক্ষমান তালিকায় যারা আছেন , তারা সরকারি জমি পেলে তাতে প্রস্তাবিত প্রধানমন্ত্রী আবাস যোজনার গৃহ স্থানান্তর করতে ইচ্ছুক আছেন কি না সেজন্য ইচ্ছাপত্র প্রদান করতে হবে । জি পি সেক্রেটারি অথবা  ভি ডি ওদের কাছে এই ইচ্ছাপত্র বিজ্ঞপ্তি প্রকাশের সাত দিনের মধ্যে প্রদান করতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার বার্ষিক সাধারণ সভা আগামী ২২ শে ডিসেম্বর অনুষ্ঠিত হবে বলে ক্রীড়া সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে । পুর্বে এই সভা ১৭ ই নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ।গতকাল ক্রীড়া সংস্থার পক্ষ থেকে এক সাংবাদিক সম্মেলনে সচিব শৈবাল সেনগুপ্ত জানান যে সংস্থার সভাপতি গৌতম রায় অসুস্থ থাকায় এই বার্ষিক সাধারণ সভা  পিছিয়ে দেওয়া হয়েছে ।

---

গুয়াহাটীর নেহেরু স্টেডিয়ামে অনুষ্ঠিত ২৯ তম সাব জুনিয়র টাইকোয়ান্ডো প্রতিযোগিতার পুমসে ইভেন্টে হাইলাকান্দি জেলা দুটো সোনা , চারটি রূপো ও চারটি ব্রোঞ্জ সহ মোট ১০ টি পদক লাভ করে প্রতিযোগিতার শ্রেষ্ঠ দলের সম্মান অর্জন করেছে ।

---

---